# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 01 May, 2025

চট্টগ্রামের আনোয়ারা ও কর্ণফুলী উপজেলায় অবস্থিত কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল (কেইপিজেড)-এ পাহাড়ধসের ঘটনা ঘটেছে। এতে দুইজন নিহত ও আরও দুইজন আহত হয়েছেন।

প্রাথমিকভাবে জানা গেছে নিহতরা হলেন, আব্দুর রহিমের পুত্র রোহান, ইমরান হোসেনের পুত্র মিসবাহ।আহতরা হলেন মোস্তাক মিয়ার পুত্র সিয়াম ও আবুল কাশেমের পুত্র সিফাত।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, অব্যাহতভাবে পাহাড় কাটার ফলে পাহাড়টির স্থিতিশীলতা নষ্ট হয়ে যায়।এরই পরিণতিতে বুধরাতে বৃষ্টি হলে বৃহস্পতিবার (১ মে) ভোরে হঠাৎ পাহাড়ধস ঘটে।ধ্বংসস্তূপে চাপা পড়ে ঘটনাস্থলেই দুইজনের মৃত্যু হয়।আহতদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানতে চাইলে কেইপিজেডের সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) মো. মুশফিকুর রহমান বলেন, আমরা অনুমতি নিয়ে পাহাড় কাটছি তবে পাহাড়ধসের বিষয়ে এখন পর্যন্ত কোন সংবাদ পায়নি।আমি খোঁজখবর নিচ্ছি।

চট্টগ্রাম পাহাড়ধস রপ্তানি প্রক্রিয়াজাতকরণ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 19:22

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1714208822